

# কালের কর্ত্ত

আপডেট : ১৩ মে, ২০১৮ ২৩:৪০

## কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীদের ওপর হামলা, আহত ১০



কুমিল্লা শহরের পুলিশ লাইন এলাকায় হামলায় কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ১০ শিক্ষার্থী আহত হয়েছে। এ সময় বিশ্ববিদ্যালয়ের দুটি বাস ও কয়েকটি দোকানপাট ভাঙ্চুর করা হয়। গতকাল রবিবার বিকেল ৫টায় এ ঘটনা ঘটে।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বলে, তাদের ক্যাম্পাস শহর থেকে আট কিলোমিটার দূরে কোটবাড়ি এলাকায়। গতকাল বিকেল ৫টার দিকে ক্যাম্পাস থেকে শিক্ষার্থীদের বহনকারী একটি বাস এবং শিক্ষক ও কর্মচারীদের বহনকারী পৃথক দুটি মাইক্রোবাস শহরের পুলিশ লাইনে আটকে দিয়ে পুলিশ তাদের বলে, গাড়ি কিছুতেই কান্দিরপাড়ের দিকে যেতে পারবে না। এ সময় অদূরের কুমিল্লা সরকারি কলেজের দিক থেকে এসে কিছু তরুণ কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ওপর হামলা চালায়। সঙ্গে পুলিশও টিয়ার গ্যাসের শেল নিক্ষেপ এবং লাঠিচার্জ করে। এ সময় কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে অন্তত ১০ জন আহত হয়। সংঘর্ষের সময় কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের তিনটি গাড়ি ভাঙ্চুর করা হয়।

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অভিযোগ, হামলাকারী তরুণরা কুমিল্লা সরকারি কলেজের শিক্ষার্থী, যাদের অনেকে ছাত্রলীগ করে। সংঘর্ষের কারণে প্রায় দুই ঘণ্টা কুমিল্লা পুলিশ লাইন থেকে কান্দিরপাড় সড়ক, শাসনগাছা সড়ক ও জেলখানা রোড বন্ধ থাকে।

জানা গেছে, গতকাল দিনভর কোটা সংস্কার আন্দোলন ঘিরে শহরে উত্তেজনা ছিল। কান্দিরপাড় এলাকা ঘিরেই আন্দোলন জমে ওঠে বলে সেদিকে গাড়ি যেতে দিচ্ছিল না পুলিশ। মনে করা হচ্ছে, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ক্লাস করে যখন ফিরছিল, পুলিশ বা কোটাবিরোধীরা ধরে নিয়েছিল এই ছাত্ররা কোটা নিয়ে আন্দোলন করতে যাচ্ছে।

বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থী বলেন, ‘প্রতিদিনই আমরা এই সড়কে শহরে আসি। পুলিশ আমাদের গাড়ি অকারণে আটকে দেয়। পুলিশ তো আমাদের শত্রুঠা।’

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. এমরান কবির চৌধুরী বলেন, ঘটনাটি শুনেছি এবং জেলা প্রশাসকের সঙ্গে কথা বলেছি। বিস্তারিত জেনে সোমবার করণীয় ঠিক করব।

কুমিল্লার পুলিশ সুপার শাহ আবিদ হোসেন জানান, ভুল-বোবাবুরি থেকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও কুমিল্লা সরকারি কলেজের ছাত্রলীগ সমর্থক শিক্ষার্থীদের মধ্যে ঘটনার সূত্রপাত হলে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে। তিনি আরো বলেন, ‘বাসের ভেতর থেকেও কোনো কোনো ছাত্র বিষয়টি উসকে দেওয়ার চেষ্টা করে। এতে ঘটনাটি পরিকল্পিত মনে হচ্ছে।’

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়তা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : [info@kalerkantho.com](mailto:info@kalerkantho.com)